

ক্যাটেগরি: শিক্ষার্থী

ইসুর তারিখ ৩/২৪/১০

নম্বর:

A-415

বিষয়: ডিপার্টমেন্ট অব এডুকেশনের জরুরি বিজ্ঞপ্তি পদ্ধতি

পৃষ্ঠা:

2 এর 2

সারাংশ

এটি একটি নতুন প্রবিধান। স্টেট আইনের সাথে সঙ্গতি রেখে পিতামাতা, স্কুলকর্মী এবং নির্বাচিত কর্মকর্তাগণ কীভাবে ইলেকট্রনিক টেক্সট মেসেজ, ফোন কল এবং/অথবা ইলেকট্রনিক মেইল প্রাপ্তির জন্য সম্ভতি প্রকাশ সাপেক্ষে জরুরি বিজ্ঞপ্তি লাভ করতে পারেন, সে ব্যবস্থাকে প্রতিষ্ঠিত করে।

I. সূচনা

- A. পিতামাতা, স্কুলকর্মী এবং নির্বাচিত কর্মকর্তাগণ নিউ ইয়র্ক সিটির সকল ভবনের সকল শিক্ষার্থী ও স্কুলকর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা প্রতি ক্ষতির আশঙ্কা রয়েছে এমন জরুরি অবস্থা বা ঘটনা সম্পর্কে সচেতন রয়েছেন, সেটা নিশ্চিত করতে ডিপার্টমেন্ট অব এডুকেশন প্রতিশ্রূতিবদ্ধ যাতে।
- B. প্রতিটি স্কুলের একটি নিরাপত্তা পরিকল্পনা রয়েছে যা সেখানকার স্বাভাবিক কাজকর্মের পরিচায়ক এবং যা স্কুলে জরুরি পরিস্থিতি মোকাবেলার নিয়ম ও প্রক্রিয়াসমূহকে প্রতিষ্ঠা করে। এছাড়াও প্রতিটি স্কুলে রয়েছে একটি স্কুল সেফটি কমিটি যা অব্যাহতভাবে নিরাপত্তা সংক্রান্ত বিষয় নিয়ে মাসিক একবার সভায় মিলিত হয় ও নিরাপত্তা প্রক্রিয়া এবং প্রতিরোধ ব্যবস্থা, তথ্য প্রদানের কোশল ও কর্মসূচী তৈরি করে। স্টেট আইনের সাথে সঙ্গতি রেখে স্কুল সংক্রান্ত সর্বশেষ নিরাপত্তা বিষয়ক তথ্য লাভের উপায় হিশেবে ডিপার্টমেন্ট অব এডুকেশন একটি একটি ব্যবস্থা চালু করেছে যে ব্যবস্থার্থানে পিতামাতা, স্কুলকর্মী এবং নির্বাচিত কর্মকর্তাবৃন্দ ইচ্ছা করলে ইলেকট্রনিক টেক্সট মেসেজ, ফোন কল এবং/অথবা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে জরুরি বিজ্ঞপ্তি লাভ করতে পারেন।
- C. পিতামাতা, স্কুলকর্মী এবং নির্বাচিত কর্মকর্তাবৃন্দ যারা এ ধরনের ইলেকট্রনিক বিজ্ঞপ্তি লাভের জন্য ইচ্ছা প্রকাশ করবেন, তারা কোন নির্দিষ্ট স্কুল ভবনের উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী ও স্কুলকর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে ক্ষতির আশঙ্কা রয়েছে, নিচের উল্লিখিত তেমন জরুরি অবস্থা বা ঘটনা ঘটলে তারা এ ধরনের প্রক্রিয়ায় তথ্য লাভ করবেন।
1. শিক্ষার্থীদের স্কুল থেকে অপসারণ ও স্থানান্তর করা
 2. এমন কোন ঘটনা, যার কারণে শিক্ষার্থীদের নিয়মিত ছুটির সময়ের পরেও স্কুলে অবস্থান করতে হতে পারে
 3. জরুরি কারণে স্কুল বন্ধ রাখা
 4. দোরতে স্কুল শুরু

II. নির্বন্ধন

- A. পিতামাতা, স্কুলকর্মী এবং নির্বাচিত কর্মকর্তাবৃন্দ www.nyc.gov/notifynyc ওয়েবসাইটে গিয়ে বা 311 নম্বরে ফোন করে নোটিফাই এনওয়াইসি সিস্টেমের (স্বয়ংক্রিয় বিজ্ঞপ্তি ব্যবস্থাপনা) মাধ্যমে ইমেইল পাওয়ার জন্য নাম তালিকাভুক্ত করতে পারবেন।
- B. পিতামাতা, স্কুলকর্মী এবং নির্বাচিত কর্মকর্তাবৃন্দ যারা ওয়েবসাইটের মাধ্যমে নাম তালিকাভুক্ত করবেন, তারা পাঁচটি জিপ কোড থেকে বিজ্ঞপ্তি লাভের জন্য মনোনয়ন করতে পারবেন। পিতামাতাগণ তাদের সভানের স্কুলের অবস্থানের সাথে মিল রেখে জিপ কোড নির্বাচন করবেন। ওয়েবসাইটের মাধ্যমে নাম তালিকাভুক্তকারীগণ ইমেইল, টেক্সট মেসেজ, এবং/অথবা ফোনে বিজ্ঞপ্তি লাভের বিষয়টি মনোনয়ন করতে পারবেন।
- C. পিতামাতা, স্কুলকর্মী এবং নির্বাচিত কর্মকর্তাবৃন্দ যারা নম্বরে ফোন করে নাম তালিকাভুক্ত করবেন তারা ফোনে বিজ্ঞপ্তি পাবেন, টেক্সট বা ইমেইলে নয়।
- D. যারা তাদের নাম এই ব্যবস্থা থেকে প্রত্যাহার করে নিতে চাইবেন, তারা <https://a858-nyctoify.nyc.gov/NotifyNYC/FAQ.aspx> ওয়েবসাইটে দেয়া নির্দেশনা অনুসরণ করে তা করতে পারবেন।

ক্যাটেগরি: শিক্ষার্থী

ইস্যুর তারিখ ৩/২৪/১০

নম্বর:

A-415

বিষয়: ডিপার্টমেন্ট অব এডুকেশনের জরুরি বিজ্ঞপ্তির পদ্ধতি

পৃষ্ঠা:

২ এর ৩

III. বিজ্ঞপ্তি প্রদান

প্রত্যেক প্রিমিসিপ্যালকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের প্যারেন্ট কোঅর্ডিনেটর বা দায়িত্বে নিযুক্ত ব্যক্তি জরুরি পরিস্থিতির বিজ্ঞপ্তি প্রদান ব্যবস্থার জন্য নাম তালিকাভূক্তির প্রক্রিয়া সম্পর্কে অবগত আছেন।

IV. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কিত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

ফোন:

718-610-0266

Director of Emergency Management

N.Y.C. Department of Education

44-36 Vernon Boulevard – Room 600

Long Island City, New York 11101

ফ্যাক্স:

718-610-0261

[Alisa@schools.nyc.gov.](mailto:Alisa@schools.nyc.gov)